

AkashbaniKolkata
Regional News Unit

Date: 09.10.2026

Desk in Charge: SDG

Time: 1-30 PM

Edit.&Compile : Jayanta Saha

DEO :- KB

NRT : Surita Saha

Announcement - আকাশবাণী/খবর পড়ছি

বিশেষ বিশেষ খবরঃ

- ১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে, মহিলা ও শিশু কল্যাণ দপ্তরের বিভাগীয় শীর্ষ সম্মেলনের সমাপ্তি অধিবেশনে অংশগ্রহণ করবেন।
- ২/ দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ক এবং বিনিয়োগ জোরদার করতে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন তিনদিনের সরকারি সফরে আজ সিঙ্গাপুর রওনা হয়েছেন।
- ৩/ পশ্চিমবঙ্গ, পুদুচেরী এবং তামিলনাড়ুর ৫-টি বিধানসভা এবং আসামে লোকসভার একটি আসনে উপ-নির্বাচনের ভোট গণনা কড়া নিরাপত্তার মধ্যে চলেছে। #পুদুচেরীর থাটানচাভাড়ি বিধানসভা কেন্দ্রে সর্বভারতীয় এন আর কংগ্রেস প্রার্থী জয়লাভ করেছেন।
- ৪/ আজ বিশ্ব ডাক দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে।
- ৫/ দ্বিতীয় T-20 ক্রিকেট ম্যাচে ভারত আজ রাঁচিতে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে মহিলা ও শিশু কল্যাণ দপ্তরের বিভাগীয় শীর্ষ সম্মেলনের সমাপ্তি অধিবেশনে অংশ গ্রহণ করবেন। ২ দিনের এই সম্মেলন, গতকাল শুরু হয়েছে। এতে সমস্ত রাজ্যের মহিলা ও শিশু কল্যাণ দপ্তরের আধিকারিক ও রাজনৈতিক নেতৃত্ব যোগ দিচ্ছেন। এবারের সম্মেলনে পুষ্টি, প্রাথমিক শিক্ষা, শিশু সুরক্ষা এবং মহিলাদের নিরাপত্তা ও ক্ষমতায়নের ওপরে আলোকপাত করা হচ্ছে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে যুক্ত রাষ্ট্রীয় শাসন ব্যবস্থা আরও মজবুত করা, জাতীয় অগ্রাধিকারের ক্ষেত্র চিহ্নিত করা এবং কেন্দ্র-রাজ্য সহযোগিতার ক্ষেত্র আরও জোরদার করে তোলার লক্ষ্যে এই নিয়ে দ্বিতীয়বার এ ধরনের বিভাগীয় সম্মেলনের আয়োজন করা হচ্ছে।

দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ক এবং বিনিয়োগ জোরদার করতে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন তিনদিনের সরকারি সফরে আজ সিঙ্গাপুর রওনা হয়েছেন। এবারের সফরে তিনি সিঙ্গাপুরের রাষ্ট্রপতি

থারমান শামুগারাতনম, প্রধানমন্ত্রী লরেন্স ওঙ এবং অন্যান্য প্রবীণ নেতৃত্বের সঙ্গে বাণিজ্য বিনিয়োগ এবং ডিজিটাল অর্থনীতি, দক্ষতা উন্নয়ন, সেমিকন্ডাক্টর সহ বিভিন্ন বিষয়ে মতবিনিময় করবেন। এবারের সফরে শ্রীমতি সীতারামন ভারতে বিনিয়োগের পথ সুগম করতে আন্তর্জাতিক বিনিয়োগকারী এবং বাণিজ্য নেতৃত্বের সঙ্গেও আলাপচারিতায় যোগ দেবেন।

মুক্ত বাণিজ্য চুক্তির অধীনে ভারত ও ব্রিটেন বিনিয়োগের পথ প্রসস্ত করতে উদ্যোগী হয়েছে। উত্তর ইংল্যান্ড থেকে প্রায় দুশো জনের এক প্রতিনিধি দল এব্যাপারে ১২ থেকে ১৬ই অক্টোবর পর্যন্ত ভারত সফর করবে। বাণিজ্য-শিল্প মন্ত্রী পীযুষ গোয়েলের সঙ্গে এবিষয়ে গত বছর বিস্তারিত আলোচনা হয়েছিল। এই প্রতিনিধি দলটি প্রযুক্তি, পরিচ্ছন্ন শক্তি, শিল্প, বাণিজ্য নিয়ে মত বিনিময় করবে।

উল্লেখ্য ভারত ও ব্রিটেনের মধ্যে বার্ষিক দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ৪৮ বিলিয়ন পাউন্ড।

দিল্লির যন্তর মন্তরে আগামীকাল সি জে পী-র প্রস্তাবিত বিক্ষোভ কর্মসূচিতে দিল্লি পুলিশ অনুমতি দিতে অস্বীকার করেছে। নতুন দিল্লিতে আজ সকালে সাংবাদিকদের, দিল্লি পুলিশের যুগ্ম কমিশনার নুপুর প্রসাদ বলেন, যন্তর মন্তরে বিক্ষোভ কর্মসূচি করতে হলে, কমপক্ষে ১০ দিন আগে আবেদন পত্র জমা দিতে হয়। কিন্তু এবারে সি জে পি সেই নির্দেশিকা মানেনি। তিনি আরও বলেন, যান চলাচল ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনা এবং আইন শৃঙ্খলা পরিস্থিতিতে বিবেচনা করে দিল্লি পুলিশ এই সিদ্ধান্ত নিয়েছে।

পশ্চিমবঙ্গ, পুদুচেরী এবং তামিলনাড়ুর ৫-টি বিধানসভা এবং আসামে লোকসভার একটি আসনে উপ-নির্বাচনের ভোট গণনা কড়া নিরাপত্তার মধ্যে চলেছে।

পুদুচেরীর থাট্টানচাভাড়ি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মুখ্যমন্ত্রী এন রঙ্গস্বামীর ছেড়ে দেওয়া আসনে সর্বভারতীয় এন আর কংগ্রেস প্রার্থী অশোক আনন ৮ হাজার ৪৮২ ভোটে ব্যবধানে জয়লাভ করেছেন।

তামিলনাড়ুর ধারাপুরম এবং মাদুরান্তাকাম বিধানসভার উপনির্বাচনে শাসকদল TVK উভয় আসনেই এগিয়ে রয়েছে। প্রধান প্রতিদ্বন্দ্বী মারাগাথাম কুমারভেল এবং সাথিয়ামা AIADMK থেকে পদত্যাগ করে শাসকদল TVK -তে যোগ দিয়েছিলেন। তাঁদের পদত্যাগের কারণেই এই উপনির্বাচন।

আসামের নগাঁও লোকসভা কেন্দ্রে বিজেপির দেবশীষ শর্মা ৯২ হাজারেরও বেশী ভোটে এগিয়ে রয়েছেন।

পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুরে নন্দীগ্রামে, দশম রাউন্ডের শেষে নন্দীগ্রামে বিজেপি প্রার্থী হাঁসিরানী রথ, তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কংগ্রেস প্রার্থী মিলন প্রধানের থেকে ৮৫ হাজার ৩১৩ ভোটে এগিয়ে আছেন। অন্যদিকে, মুর্শিদাবাদের রেজিনগরে সপ্তম রাউন্ডের শেষে

বিজেপি প্রার্থী শাখারভ সরকার, তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী আমজনতা উন্নয়ন পার্টির গোলাম নবী আজাদের থেকে ৩৭ হাজার ৪৮৩ ভোট।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ টেরিটোরিয়াল আর্মির প্রতিষ্ঠা দিবস উপলক্ষে সকল পদমর্যাদার সদস্যকে অভিনন্দন জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, টেরিটোরিয়াল আর্মি তাদের অসাধারণ নিষ্ঠায় দেশ সেবার দৃষ্টান্ত স্থাপন করেছে। দেশের সীমান্ত রক্ষা থেকে শুরু করে দেশের ঐতিহ্য রক্ষায় তাদের অবদান সকলে মনে রাখে। আত্মনির্ভরশীল ভারত গড়ার লক্ষ্যেও টেরিটোরিয়াল আর্মির অবদান তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

সেবা সংকল্প অভিযান কর্মসূচির এই পর্যায়ে এবারের আলোচনার বিষয় দেশের কৃষক ও কৃষি ব্যবস্থার উন্নতি। পিএম কিষাণ, কিষাণ ক্রেডিট কার্ড, সয়েল হেলথ কার্ড, কৃষিতে ড্রোন সহ উন্নত প্রযুক্তির ব্যবহার এমনই সব বিষয় নিয়ে দুটি পর্বে দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবারের যুগ্ম কৃষি অধিকর্তা দীপ শংকর লায়েকের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ রাত দশটায় গীতাঞ্জলি বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

আজ বিশ্ব ডাক দিবস। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হবে। ১৯৬৯ সালে জাপানের টোকিওতে UPU কংগ্রেস এর প্রস্তাবে ৯ অক্টোবর দিনটিকে বিশ্ব ডাক দিবস হিসেবে ঘোষণা করা হয়। মানুষের দৈনন্দিন জীবনে - ব্যবসা বাণিজ্য, সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে ডাক ব্যবস্থার অবদান সম্পর্কে সচেতনতার প্রসারে দিনটি পালিত হয়ে থাকে।

কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া বিশ্ব ডাক দিবস উপলক্ষে, সমস্ত ডাক সেবকদের শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী সিঙ্কিয়া বলেন, 'ডাক সেবা-ই জন সেবা'। ডিজিটাল যোগাযোগের এই যুগেও, ভারতীয় ডাক বিভাগ, ডিজিটাল

রূপান্তরকেও গ্রহণ করেছে এবং জনগণের আকাঙ্ক্ষা পূরণে লাগাতার চেষ্টা চালিয়ে এসেছে। মন্ত্রী বলেন, ভারতীয় ডাক বিভাগের নিঃস্বার্থ সেবা সকলের মনে রেখেছে।

বিশ্ব ব্যাংক জানিয়েছে, নেপালে চলতি বছরের আগস্ট মাসের বিধ্বংসী বন্যায় প্রতক্ষ্যভাবে ১-শো ৬৬ কোটি মার্কিন ডলার ক্ষতি হয়েছে। এর মধ্যে পরিকাঠামো দিক দিয়ে ক্ষতির পরিমাণ ৮৩ শতাংশ। তবে, নেপাল সরকার জানিয়েছে, এবারের বিধ্বংসী বন্যায় আর্থিক ক্ষতির পরিমাণ সার্বিকভাবে দু-শো ৭০ কোটি মার্কিন ডলার। দেশের জলবিদ্যুৎ প্রকল্পগুলিও ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া সড়ক যোগাযোগ ও বিদ্যুৎ সংযোগ প্রায় ভেঙে পড়েছে বলে সরকার জানিয়েছে।

রিয়াদের আবহা আন্তর্জাতিক বিমানবন্দর ও কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দর লক্ষ্য ক'রে হুথি হামলার কড়া সমালোচনা করেছে ভারত। এই হামলায় নিরীহ নাগরিকদের হতাহতের খবর পাওয়া গেছে। এক বিবৃতিতে বিদেশমন্ত্রক জানিয়েছে, অসামরিক পরিকাঠামোকে হামলার লক্ষ্যবস্তু করা কোনওভাবেই গ্রহণযোগ্য নয়। স্বজনহারা পরিবারগুলির প্রতি সমবেদনা জানানোর পাশাপাশি সৌদি আরবের জনগণের প্রতি সংহতি প্রকাশ করেছে ভারত।

সৌদি আরবে বসবাসরত ভারতীয় নাগরিকদের জন্য রিয়াদে ভারতীয় দূতাবাস একটি নির্দেশিকা জারি করেছে। বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে নাগরিকদের সতর্ক ও সজাগ থাকার এবং প্রয়োজনে বাড়ির বাইরে না বেরনোর পরামর্শ দেওয়া হয়েছে। দূতাবাস ভারতীয় নাগরিকদের উত্তেজনা পরিস্থিতি নিয়ে কোনও ভিডিও বা খবর প্রচার বা পুনরায় শেয়ার করা থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে।

ব্যাডমিন্টনে, দুইবারের অলিম্পিক পদকজয়ী PV সিন্ধু আজ আর্কটিক ওপেন সুপার ৫০০ টুর্নামেন্টে মহিলাদের সিঙ্গেলসের কোয়ার্টার ফাইনালে থাইল্যান্ডের শীর্ষ বাছাই ও প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন রাতচানক ইনথাননের মুখোমুখি হবেন। ষষ্ঠ বাছাই সিন্ধু ফিনল্যান্ডের ভান্তায় গতকাল প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডে জাপানের রিকো গুঞ্জিকে ২১-১৫, ২১-১৫ গেমের হারিয়ে দেন সিন্ধু। এদিকে, পুরুষদের সিঙ্গেলসে ভারতীয়দের অভিযান শেষ হয়েছে। দ্বিতীয় বাছাই ফ্রান্সের ক্রিস্টো পোপভ, তরুণ মাল্লেপাল্লিকে ২১-১৪, ২১-১৯ গেমের হারিয়ে দেন। কানাডার ব্রায়ান ইয়াংয়ের কাছে ২১-১৫, ১৫-২১, ১৩-২১ গেমের হেরে প্রথম রাউন্ড থেকেই বিদায় নিয়েছেন কিদম্বি শ্রীকান্ত।

দ্বিতীয় T-20 ক্রিকেট ম্যাচে ভারত আজ ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। রাঁচির জেএসসি-এ আন্তর্জাতিক স্টেডিয়াম কমপ্লেক্সে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। লখনউতে প্রথম ম্যাচে ভারত ৮ উইকেটে ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে পাঁচ ম্যাচের T-20 সিরিজে ১-০ তে এগিয়ে গেছে।
